বাজেট=২০২০-২০২১-১৬৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
বাজেট-১ শাখা
www.mhapsd.gov.bd

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.০৬.০৯০.২০২১-

তারিখঃ ২৭ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
১১ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : ১১/০১/২০২২খ্রি: তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী।

সভাপতি : রুহী রহমান, অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ ও সভাপতি, বাজেট ওয়ার্কিং গ্রুপ।
স্থান : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় : ১১/০১/২০২২খ্রি:, সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) কে আহবান জানান।

০২। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) সভাপতির অনুমতিক্রমে জননিরাপত্তা বিভাগ দপ্তর/অধিদপ্তরের অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষমাত্রা, উন্নয়ন ও পরিচালন খাতে প্রস্তাবিত ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রক্ষেপণ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

## রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা/প্রক্ষেপণ

| ক্র: নং | মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর | ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা | ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন | ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ | ২০২৪-২০২৫ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১৮,৪১,৩৪ | ২২,১৫,৪৭ | ২৩,০৭,০১ | ২৫,০০,০০ |
| ২ | বাংলাদেশ পুলিশ | ৭৩০,২৬,৯০ | ৭৯৮,৫৮,৮০ | ৮৭৯,০৭,০০ | ৯৬৭,৯৭,৬৮ |
| ৩ | বর্ডার গার্ড বাংলাদেশ | ২৬,৬৫,০২ | ৩০,১১,৫২ | ৩২,৮২,৬৭ | ৩৫,০০,০০ |
| ৪ | বাংলাদেশ কোস্ট গার্ড | ২,৬২,৯০ | ৩,০০,১৯ | ৪,৫৭,৬০ | ৫,৫৭,৬০ |
| ৫ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | ১৫,৫১,৮৪ | ১৮,৯৭,০২ | ২০,৫৬,৭২ | ২২,৫৬,৭২ |
| | সর্বমোট রাজস্ব প্রাপ্তি | ৭৯৩,৪৮,০০ | ৮৭২,৮৩,০০ | ৯৬০,১১,০০ | ১০৫৬,১২,০০ |

### পরিচালন খাতে প্রস্তাবিত ব্যয়সীমা/প্রক্ষেপণ

| ক্র: নং | মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর | ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট | ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত ব্যয়সীমা/প্রাক্কলন | ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রক্ষেপণ | ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১১৯,৪১,০০ | ৩০৫,৫৯,০০ | ৩২৭,৬৯,৩২ | ৫২১,৮৭,৯২ |
| ২ | উপদেষ্টা বোর্ড | ১১,০০ | ১১,০০ | ১১,০০ | ১১,০০ |
| ৩ | তদন্ত সংস্থা | ১১,৮৯,০০ | ১২,০০,০০ | ১৩,০২,৮২ | ১৭,১৫,০১ |
| ৪ | এনটিএমসি | ২৪৮,১০,০০ | ২৬০,০০,০০ | ২৭৪,৫৬,০০ | ২৮৯,৯৩,৫৩ |
| ৫ | ইন্টারপোল | ৮০,০০ | ৮০,০০ | ৮০,০০ | ৮০,০০ |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ১৪৮৬৮,৩৫,৩৫ | ১৫৬০০,০০,০০ | ১৬৭২১,৫৪,৫০ | ১৭৮০৮,৪৪,৫৫ |
| ৭ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৩৭৩৭,২৫,৮৫ | ৩৯০০,০০,০০ | ৪২০৩,০৬,৩৬ | ৪৪৭৬,২৬,২৭ |
| ৮ | বাংলাদেশ কোস্ট গার্ড | ৬৬০,০০,০০ | ৭০০,০০,০০ | ৭৩৯,২০,০০ | ৭৮০,৫৯,৫২ |
| ৯ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | ১৮৩৯,৭৩,০৪ | ২০০০,০০,০০ | ২১১২,০০,০০ | ২২৩০,২৭,২০ |
| | মোট | ২১৪৮৫,৬৫,২৪ | ২২৬৭৮,৫০,০০ | ২৪৪৯২,০০,০০ | ২৬১২৫,৪৫,০০ |
| ১০ | উন্নয়ন বাজেট | ১৫৯৭,০৮,০০ | ১৭০০,০০,০০ | ১৮০০,০০,০০ | ১৯০০,০০,০০ |
| | সর্বমোট (পরিচালন+ উন্নয়ন) | ২৩০৮২,৭৩,২৪ | ২৪৪৭৮,৫০,০০ | ২৬১৯২,০০,০০ | ২৮০২৫,৪৫,০০ |

০৩। সভায় উপর্যুক্ত প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জননিরাপত্তা বিভাগ এর পরিকল্পনা কোষ, মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণ এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা আলোচনায় অংশগ্রহন করেন। আলোচনায় ২০২২-২২২৩ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রস্তাবিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব অর্জন করা সম্ভব হবে মর্মে অধিদপ্তরের কর্মকর্তাগন একমত পোষন করেন। তবে সভায় উপস্থিত বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি বলেন যে, বাংলাদেশ পুলিশের আন্তর্জাতিক শান্তি মিশনের কন্টিনজেন্ট কমে যাওয়ায় তাদের আয়ের পরিমান কম হবে তথাপি প্রদত্ত সিলিং অর্জনের জন্য তাঁরা সচেষ্ট রয়েছেন।

চলমান পাতা-২

০৪। সভায় দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিগণ জানান যে, বাংলাদেশ পুলিশ এর নতুন ইউনিট গঠন, জনবল বৃদ্ধি, বর্ডার গার্ড বাংলাদেশ এর নতুন জনবল নিয়োগ, বর্ডার সার্ভিলেন্স সিস্টেম স্থাপন, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নতুন জনবল নিয়োগ, অস্ত্র ও গোলা বারুদ ক্রয়, বাংলাদেশ কোস্ট গার্ড এর ভূমি অধিগ্রহণ, নতুন অবকাঠামো নির্মাণ, এনটিএমসির যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম ক্রয় এবং আইন-শৃংখলা বাহিনী সার্বক্ষনিক মাঠ পর্যায়ে দায়িত্ব পালন জ্বালানী ও অন্যান্য খাতে ব্যয়ের পরিমাণ আবশ্যিকভাবে বৃদ্ধি পেয়েছে বিধায় চাহিদার তুলনায় বরাদ্দ অপ্রতুল।

০৫। দপ্তর/অধিদপ্তরের উপর্যুক্ত অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি মহোদয় সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। চলমান করোনা ভাইরাস(কোভিড-১৯)এর কারণে আর্থিক অবস্থা বিবেচনাসহ আর্থসামাজিক সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসু কর্মপদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য সকলকে আহবান জানান। তিনি বলেন অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বাজেট সিলিং এর বেশী অর্থ বরাদ্দের বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাবর্হিভূত। তবে দেশের আইন শংখলা সুচারুরূপে পরিচালনা, জনগণের জানমালের নিরাপত্তা বিধান, সীমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধে কার্যকর ভুমিকা পালন করতে হবে। ভবিষ্যৎ বাজেট সিলিং বর্ধিত করণের বিষয়ে অর্থ বিভাগের সাথে একটি কার্যকর আলোচনা করবেন বলে তিনি সকলকে অবহিত করেন। আর্থিক পরিস্থিতি বিবেচনায় প্রদত্ত সিলিং এর মধ্যে আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের অনুন্নয়ন বাজেট প্রণয়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। তাছাড়া অর্থ বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহন করার জন্য অনুরোধ জানান।

০৬। সভায় রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমার খসড়া প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়:

(ক) পরিচালন ও উন্নয়ন উভয় বাজেটের ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রক্ষেপন যৌক্তিকতাসহ প্রকৃত চাহিদা নিরুপণ করে বাস্তব ভিত্তিক প্রক্ষেপন সংশোধনী আকারে অর্থ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

(খ) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য প্রদত্ত বাজেট সিলিং এর প্রতিটি এন্ট্রি যৌক্তিকভাবে ইনপুট দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(রুহী রহমান)
অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ )
ও
সভাপতি
বাজেট ওয়ার্কিং গ্রুপ, জননিরাপত্তা বিভাগ।

১। ------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব,আসী/পুলিশ ও এনটিএমসি/ রাজনৈতিক ও আইসিটি/ আইন ও শৃংখলা/উন্নয়ন জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬১৭৬

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.০৬.০৯০.২০২১- ২৫২/৮(৪) তারিখঃ ২৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১১ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব